গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার (লেভেল-১০), আগারগাঁও, ঢাকা
www.doict.gov.bd

স্মারক নং: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০২৮.২২.১৪৫৫

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৯ / ০৮ ডিসেম্বর ২০২২

**বিষয়ঃ 'ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২' উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি এবং অন্যান্য তথ্য প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডিজিটাল বাংলাদেশের রূপকার মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এমপি ২০০৮ সালের ১২ ডিসেম্বর ডিজিটাল বাংলাদেশ-এর রূপকল্প ২০২১ ঘোষণা করেন। জ্ঞানভিত্তিক অর্থনীতিতে রূপান্তরের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত দেশ হিসেবে প্রতিষ্ঠিত করার লক্ষ্যে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের কার্যক্রম চলমান রয়েছে। বাংলাদেশকে উন্নত বিশ্বের সারিতে প্রতিষ্ঠিত করার প্রত্যয়ে রূপকল্প ২০২১ ঘোষণার সেই সময়ের গুরুত্ব ও তাৎপর্য অনুধাবন করে এবং ডিজিটাল বাংলাদেশকে স্মরণীয় করে রাখতে সরকার ১২ ডিসেম্বর-কে "ডিজিটাল বাংলাদেশ দিবস" হিসেবে পালন করে আসছে। প্রতি বছর ১২ ডিসেম্বর তারিখে গুরুত্বপূর্ণ কর্মসূচি পালনের মধ্য দিয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহায়তায় জেলা ও উপজেলা পর্যায়ে দিবসটি আয়োজন করা হয়। আগামী ১২ ডিসেম্বর ২০২২ খ্রি. তারিখ ৬ষ্ঠ বারের মত জাতীয়ভাবে ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২ উদ্‌যাপিত হবে। 'ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২' এর প্রতিপাদ্য অত্রসাথ সংযুক্ত করা হয়েছে। এছাড়াও থীম সংগীত, অডিও ভিজ্যুয়াল এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সকল তথ্যাবলী www.doict.gov.bd এ যথাসময়ে পাওয়া যাবে।

**০২। উদ্‌যাপন কমিটি গঠনঃ**

ক) জেলা পর্যায়ে জেলা প্রশাসক-কে আহ্বায়ক এবং প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার/সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার-কে সদস্য সচিব করে ০৭ বা ০৯ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করে দিবস সংশ্লিষ্ট কার্যক্রম নির্বাহ করতে হবে (প্রয়োজনে সদস্য সংখ্যা বাড়ানো বা কমানো যেতে পারে)। উল্লেখ্য, গঠিত উদযাপন কমিটি জেলা পর্যায়ে আইসিটি বিষয়ক জেলা কমিটি/ফোরাম এর সাথে আলোচনাপূর্বক সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করবেন।

খ) উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার-কে আহ্বায়ক এবং সহকারী প্রোগ্রামারকে সদস্য সচিব করে ০৭ বা ০৯ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করে দিবস সংশ্লিষ্ট কার্যক্রম নির্বাহ করতে হবে (প্রয়োজনে সদস্য সংখ্যা বাড়ানো বা কমানো যেতে পারে)। উল্লেখ্য, গঠিত উদযাপন কমিটি উপজেলা পর্যায়ে আইসিটি বিষয়ক উপজেলা কমিটি/ফোরাম এর সাথে আলোচনাপূর্বক সংশ্লিষ্ট কার্যক্রম সম্পন্ন করবেন।

**০৩। পুষ্পস্তবক অর্পণঃ**

জেলা প্রশাসকগণ ও উপজেলা নির্বাহী অফিসারগণ (সদর উপজেলা ব্যতিত) তাদের স্ব-স্ব কার্যালয়ে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে সকাল ০৭.০০ ঘটিকা বা সুবিধাজনক সময়ে পুষ্পস্তবক অর্পণের ব্যবস্থা গ্রহণ করবেন।

**৪। বর্ণাঢ্য র‍্যালী আয়োজনঃ**

জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের সার্বিক তত্ত্বাবধানে সকাল ০৭.৩০ ঘটিকা বা সুবিধাজনক সময়ে বর্ণাঢ্য র‍্যালী আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**০৫। মূল অনুষ্ঠান সরাসরি সম্প্রচারঃ**

বিভাগীয় কমিশনারগণ, জেলা প্রশাসকগণ, উপজেলা নির্বাহী অফিসারগণ (সদর উপজেলা ব্যতিত) দিবসের মূল অনুষ্ঠান (উদ্বোধনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান)-টি প্রজেক্টর বা এলইডি পর্দার মাধ্যমে সরাসরি সকাল ০৯:০০ ঘটিকা হতে যথাক্রমে বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে একযোগে প্রচারের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

**০৬। সেমিনার/আলোচনা সভা আয়োজনঃ**

জেলা প্রশাসকগণ এবং উপজেলা নির্বাহী অফিসারগণ সংশ্লিষ্ট জেলা ও উপজেলা পর্যায়ে নিম্নরূপ সেমিনার/আলোচনা সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

| ক্রম | পর্যায় | বিষয় | টার্গেটেড গ্রুপ |
|---|---|---|---|
| ০১. | জেলা পর্যায়ে (৬৪টি) | **প্রতিপাদ্যঃ** প্রগতিশীল প্রযুক্তি অন্তর্ভুক্তিমূলক উন্নতি | মাননীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি, সরকারী কর্মকর্তা ও কর্মচারী। স্টেকহোল্ডার (আইটি ফ্রিল্যান্সার, ই-কমার্স উদ্যোক্তা, ইউডিসি উদ্যোক্তা ও আইসিটি খাত), সাংবাদিকবৃন্দ, শিক্ষক/শিক্ষিকা, এনজিও প্রতিনিধিদলসহ সংশ্লিষ্ট সকল |
| ০২. | উপজেলা পর্যায় (৪৩২টি) (সদর উপজেলা ব্যতিত) | | মাননীয় সংসদ সদস্য, জনপ্রতিনিধি, সরকারী কর্মকর্তা ও কর্মচারী। স্টেকহোল্ডার (আইটি ফ্রিল্যান্সার, ই-কমার্স উদ্যোক্তা, আইএসপি, আইসিটি উদ্যোক্তা, ইউডিসি উদ্যোক্তা ও আইসিটি খাত), সাংবাদিকবৃন্দ, শিক্ষক/শিক্ষিকা, এনজিও প্রতিনিধিদলসহ সংশ্লিষ্ট সকল |

**০৭। প্রতিযোগিতা আয়োজনঃ**

জেলা প্রশাসকগণ ও উপজেলা নির্বাহী অফিসারগণ দিবস উপলক্ষ্যে নিম্নরূপ প্রতিযোগিতা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

| ক্রম | পর্যায় | প্রতিযোগিতার ধরণ | বিষয় | টার্গেটেড গ্রুপ |
|---|---|---|---|---|
| ০১. | জেলা পর্যায় (৬৪টি) | রচনা/প্রেজেন্টেশন প্রস্তুত | প্রগতিশীল প্রযুক্তি অন্তর্ভুক্তিমূলক উন্নতি (৮-১০ স্লাইড) | উচ্চ মাধ্যমিক ও তদুর্ধ্ব শ্রেণি |
| | | বেসিক প্রোগ্রামিং/আবৃত্তি/উপস্থিত বিতর্ক | প্রগতিশীল প্রযুক্তি অন্তর্ভুক্তিমূলক উন্নতি অথবা ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন পূরণের গল্প | ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি |
| ০২. | উপজেলা পর্যায় (৪৩২টি) (সদর উপজেলা ব্যতিত) | বেসিক প্রোগ্রামিং/আবৃত্তি/উপস্থিত বক্তৃতা | প্রগতিশীল প্রযুক্তি অন্তর্ভুক্তিমূলক উন্নতি অথবা ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন পূরণের গল্প | ৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি |
| | | চিত্রাংকন | আমার তুলিতে ডিজিটাল বাংলাদেশের স্বপ্ন পূরণের গল্প | ১ম হতে ৫ম শ্রেণি |

**০৮। ব্রান্ডিং ও প্রচারঃ**

নিম্নরূপভাবে ব্রান্ডিং ও প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবেঃ

ক) দিবসটি উদযাপন উপলক্ষ্যে অনুমোদিত ডিজাইনসমূহ অনুসরণপূর্বক ব্রান্ডিং ও প্রচার;

খ) অগ্রিম প্রচারের নিমিত্ত বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ব্যানার প্রদর্শন;

গ) বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের ফেসবুক পেজ-এর মাধ্যেমে প্রচার;

ঘ) স্থানীয় ক্যাবল মিডিয়ায় নিম্নরূপ স্ক্রলিং, থিম সংগীত, অডিও-ভিজ্যুয়াল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

১২ ডিসেম্বর ডিজিটাল বাংলাদেশ দিবস। ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২-এর প্রতিপাদ্য

"প্রগতিশীল প্রযুক্তি
অন্তর্ভুক্তিমূলক উন্নতি"

ঙ) নির্মিত এলইডি পর্দায় ডিজিটাল বাংলাদেশের অর্জন, থিম সংগীত, অডিও-ভিজ্যুয়াল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

চ) স্থানীয় পত্রিকায় জেলা পর্যায়ে ক্রোড়পত্র ও উপজেলা পর্যায়ে বিজ্ঞাপন প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ছ) তৈরিকৃত ডিজিটাল কনটেন্টসমূহ নিম্নবর্ণিত ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবেঃ

- ✓ www.doict.gov.bd
- ✓ www.ictd.gov.bd
- ✓ www.digitalbangladesh.gov.bd

**০৯। বাজেট বরাদ্দ ও ব্যয়ঃ**

**জেলা পর্যায়ঃ**

বর্তমানে সরকারের ব্যয় সংকোচন নীতির ফলে "ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২" উদযাপন উপলক্ষ্যে জেলা পর্যায়ে সীমিত বাজেট বরাদ্দ প্রদান করা হবে। জেলা পর্যায়ের বাজেট এবং বাজেট বিভাজনের বিস্তারিত পৃথকভাবে পত্রযোগে জানানো হবে।

**উপজেলা পর্যায়ঃ**

বর্তমানে সরকারের ব্যয় সংকোচন নীতির ফলে "ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২" উদযাপন উপলক্ষ্যে উপজেলা পর্যায়ে বরাদ্দ প্রদান করা সম্ভব হচ্ছেনা। দিবসটির গুরুত্ব ও তাৎপর্য বিবেচনাপূর্বক জেলা প্রশাসকের সহায়তায় স্থানীয়ভাবে প্রতিবারের ন্যায় দিবসটি উদযাপনের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

**১০। তথ্য সংগ্রহঃ**

তথ্য সংগ্রহের নিমিত্ত নমুনা ছক খুব শীঘ্রই সরবরাহ করা হবে।

**১১। যোগাযোগঃ**

'ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২' উদযাপন উপলক্ষ্যে প্রয়োজনীয় যেকোন তথ্য-উপাত্তের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাবৃন্দের সাথে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | নাম ও পদবী | | মোবাইল ও ইমেইল |
|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ আবুল হাশেম<br>পরিচালক (অর্থ এবং প্রশাসন)<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সমন্বয়ক | +৮৮০ ১৭১৬ ২২৩৪৪২<br>hashem6704@gmail.com |
| ০২ | জনাব মোঃ ফিরোজ সরকার<br>উপ-পরিচালক (প্রশাসন)<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | ফোকাল কর্মকর্তা | +৮৮০ ১৭১১ ১৯৭০৮৮<br>ddadmin@doict.gov.bd |
| ০৩ | জনাব শাহ্ মুহাম্মদ রুবায়েত আলম<br>সহকারী প্রোগ্রামার<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী ফোকাল কর্মকর্তা | +৮৮০ ১৭১৭ ৬৬৪৫০০<br>rubayetalam21@gmail.com |
| ০৪ | সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ<br>সহকারী প্রোগ্রামার<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী ফোকাল কর্মকর্তা | +৮৮০ ১৯১৮ ১০১৮৮৫<br>istiyak@doict.gov.bd |
| ০৫ | জনাব মোঃ শরীফুল ইসলাম<br>সহকারী পরিচালক (অর্থ)<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | আর্থিক বিষয়ক কর্মকর্তা | +৮৮০ ১৭১৩ ৪৯৪৬৬১<br>sharifulislam@doict.gov.bd |
| ০৬ | জনাম মোঃ আলমাছ হোসেন, ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ) | যোগাযোগ (ওয়েবসাইট কন্টেন্ট এর জন্য) | +৮৮০ ১৯০২ ১২৩১০৯<br>almas.hossain@doict.gov.bd |

**১২। ডিজিটাল বাংলাদেশ দিবস লোগো ও প্রতিপাদ্য এবং দিবসের কি-ভিজ্যুয়ালঃ**

তৈরিকৃত ডিজিটাল কনটেন্টসমূহ নিম্নবর্ণিত ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবেঃ

- www.doict.gov.bd
- www.ictd.gov.bd
- www.digitalbangladesh.gov.bd

মোহাম্মদ আবুল হাশেম
পরিচালক (অর্থ এবং প্রশাসন)
ফোনঃ +৮৮০ ২৫৫ ০০৬৯২৩
ইমেইলঃ hashem6704@gmail.com

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। বিভাগীয় কমিশনার (সকল)
২। জেলা প্রশাসক (সকল)
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৪। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (সকল)
৫। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (সকল)

স্মারক নং: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০২৮.২২. ১৪৫৫

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৯<br>০৮ ডিসেম্বর ২০২২

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. অফিস কপি।